found dead on 1st February 2002. His body, however, was discovered only on 16th May 2002. A video was released by the captors called "The Slaughter of the Spy-Journalist, the Jew Daniel Pearl." In this video, Pearl identified himself, and later in the video, his throat was slit and his head severed. The video ends with the captors demanding that all Muslim prisoners at Guantanamo Bay are released immediately or




## Some cases of recent issues or crimes on press freedom:

beheadings like these will keep happening "again and again".

As of 2021, 6 journalists have been killed because of their work. India is among the top 4 countries with the most number of deaths on record. Whether it is on the job or off the job, they have been targeted and attacked due to their work. Over the course of the last five years (2017-2021), 138 cases of assault and attacks against journalists were recorded. In Uttar Pradesh alone, 12 were killed, 48 were attacked and 66 were booked under various charges and cases. Subhas Kumar Mahato: On 20th May 2022, Subhas Kumar Mahato was returning from a family dinner in a small Bihar district when he was shot in the head by four men who fled the scene. He was a stringer at a national channel and general secretary of Begusarai District Journalists Association, told The Wire, "In the election of a ward member, Mahto had supported a candidate and that candidate won. Apart from this, he was continuously reporting against the liquor mafia as well as the sand mafias. These can be the reasons behind his murder." Gauri Lankesh: On 5th September 2017, journalist and activist Gauri Lankesh, the editor of a weekly Kannada




tabloid Gauri Lankesh Patrike, was shot dead in front of her residence in South Bengaluru. The then Congress government in Karnataka had constituted a Special Investigation Team (SIT) to investigate the murder. The SIT has stated in the court proceeding that Gauri Lankesh was targeted for vehemently opposing Hindutva in her writings and speeches. SIT in the charge sheet submitted by them had named 18 people as accused in the murder. Yet, the case has not yet come to a conclusion. Journalism is a hard job and those who make it are constantly in fear of losing their lives or getting harmed. We don't make it any easier for them with the lack of laws protecting journalists especially. The Government and other bodies are trying to curb hate crimes and protect the lives of journalists by making stricter laws and executing a penalty as and when necessary. Moreover, they are trying to reduce the spread of fake news and misinformation. We can only hope that in times to come, necessary steps will be taken as we await a world where freedom of the press has lesser curbs and where rules for better protection of journalists are readily introduced in the country.

# সাংবাদিকতার ছাত্রীদের মতে, প্রেস কতটা স্বাধীন

সৃজা কার্ফা (সেম - চতুর্থ)

প্রেস বা গণমাধ্যমকে আমরা চতুর্থ স্তম্ভ হিসেবে জানি। স্তম্ভ ছাড়া যেমন একটি বাড়ি হতে পারে না ঠিক তেমনি প্রেস ছাড়া একটি সুগঠিত দেশ গড়ে উঠতে পারে না। প্রেসের হাত ধরে আমরা আমাদের বর্তমান জীবনযাপনের যেকোনো গুরুত্বপূর্ণ খবর খুব সহজেই পেয়ে থাকি। জেমস আগাস্টাস হিকির হাত ধরে আমরা প্রথম গণমাধ্যম সম্পর্কে জানতে পারি, তারপর একে একে দিন যত কেটেছে গণমাধ্যম আরো সুন্দর ও সুগঠিত হয়ে উঠেছে। কিন্তু তেইশের দশকে দাঁড়িয়ে যখন প্রশ্ন ওঠে প্রেসের স্বাধীনতা নিয়ে তখন এর উত্তর দেওয়াটা খুবই কঠিন হয়ে যায়। প্রেস এর স্বাধীনতার প্রতি সম্মান প্রদর্শন এর জন্যে ৩ রা মে দিনটিকে ‘ওয়ার্ল্ড প্রেস ফ্রিডম ডে’ হিসাবে পালন করা হয়ে থাকে।




আমি আমাদের কলেজের কয়েকজন জার্নালিজম ও মাস কমিউনিকেশনের ছাত্রীদের 'গণমাধ্যমের স্বাধীনতা' কতটা এই নিয়ে জিজ্ঞাসা করি এর উত্তরে তারা যা বলে তা নিম্নরূপ:



বর্তমানে দেশে মতামত প্রকাশ করার কিছুটা স্বাধীনতা থাকলেও প্রেসের নিজেস্ব মতামত প্রকাশের স্বাধীনতা নেই। একজন সাংবাদিক সংবাদপত্রের এডিটোরিয়াল পলিসি মেনেই তার বক্তব্য প্রকাশ করে, এর বাইরে তিনি কিছুই করতে বা বলতে পারেন না। আমাদের দেশের জনসংখ্যার বেশি হওয়া সত্ত্বেও জনগণ গণমাধ্যমের থেকেও বেশি নিউ মিডিয়া জার্নালিজম এর উপর নির্ভরযোগ্য হয়ে পড়ছে ফলে অথোরিটেরিয়ান থিয়োরি চলে আসছে প্রেসকে নিয়ন্ত্রন করার জন্য।

শিঞ্জিনী ঘোষ,চতুর্থ সেমিস্টারের ছাত্রী




টাকা যে দেবে প্রেস তার পক্ষেই কথা বলবে। যেখানে সুইডেন ডেনমার্কের মতো ছোটো ছোটো দেশগুলো আজ প্রেসের স্বাধীনতা দিক থেকে প্রথম ৫ এর মধ্যে আছে সেখানে আমাদের দেশ ১৫৫ তম স্থানে রয়েছে।

শুভাঙ্গী চৌধুরী, ষষ্ঠ সেমিস্টারের ছাত্রী



প্রেসের স্বাধীনতা যেহেতু সরাসরি নেই তাই জন্য সরকার বা সিস্টেম বা যাদের টাকা আছে তারা সরাসরি বা পরোক্ষভাবে প্রেস কে চালনা করছে। তারাই ঠিক করে দিচ্ছে সাধারণ মানুষের কাছে কতটা খবর পৌঁছাবে। কিন্তু খাতায় কলমে বলা হয় প্রেসের স্বাধীনতা আমাদের কাছে আছে। প্রেম আমাদের চতুর্থ স্তম্ভ হিসেবে কাজ করছে, যেটা একদমই সঠিক কথা নয়। কাজ করতে গিয়ে সাংবাদিকরা অনেক সীমাবদ্ধতার সম্মুখীন হচ্ছে যেটার জন্য যেমন সম্প্রতি বিবিসি এর মিডিয়া হাউসের রেট হয়েছে ।

সহেলী বিশ্বাস, ষষ্ঠ সেমিস্টারের ছাত্রী



আমাদের দেশকে যতই গণতান্ত্রিক বলা হোক না কেন প্রেসের ক্ষেত্রে সেটা গণতান্ত্রিক না কারণ আমাদের দেশের সংবিধানে প্রেস স্বাধীনতা বলে কোনো আইনিই নেই। আমাদের কাছে শুধুমাত্র কথা বলার ও তথ্য ভাগ করে নেয়ার স্বাধীনতা আছে। দেশের সরকার প্রেসকে নিজের মতো করে চালায়। সরকার মিডিয়া হাউস গুলোকে যতটা জনগণকে জানানোর আদেশ দেয় আমরা ঠিক ততটাই জানতে পারি। মানে এককথায় বলা চলে মিডিয়ার হাতে কোন ক্ষমতাই নেই সরকার যতটা ক্ষমতা মিডিয়াকে দেয় মিডিয়া তার দ্বারা নিয়ন্ত্রিত হয়। আর যদি মিডিয়া সরকারের থেকে বাইরে বেরিয়ে কোনো কিছু করতে যায় তাহলে সেই মিডিয়া হাউসটা নিমেশেই বন্ধ হয়ে যায়।

রিম্পী মন্ডল, ষষ্ঠ সেমিস্টারের ছাত্রী



প্রেসের কিছুটা স্বাধীনতা থাকলেও সম্পূর্ণ স্বাধীনতা নেই । কোনো কিছু খবর সাংবাদিক নিজের মতো করে স্বাধীনভাবে লিখতে পারেন না। এক্ষেত্রে মিডিয়া হাউসগুলিকে নানা পলিসির কথা মাথায় রেখে লিখতে হয়। আর রাজনৈতিক ক্ষেত্রে পার্টি যতটা চায় ততটুকু সাংবাদিকরা লিখতে পারে। এইজন্য মাঝে মাঝে বলা হয় বিভিন্ন পার্টি বিভিন্ন প্রেসকে চালায়। অর্থাৎ তেইশ এর দশকের দাঁড়িয়ে আমরা বলতে পারি যে প্রেস এখনো সম্পূর্ণ রূপে স্বাধীন না।

কৌশান্তী বসু চতুর্থ সেমিস্টারের ছাত্রী


প্রেস স্বাধীনতা আইনে দিক থেকে যতটা আছে বলে মনেকরা হয়, ততটাও কার্যকর হয় না। কারণ প্রায়শই দেখা যায় বিভিন্ন কাগজ বা টিভি চ্যানেল বিভিন্ন পার্টিকে অনুসরণ করেছে। তারা নিজেদের পছন্দ মতো বা এডিটরিয়াল পলিসি অনুযায়ী নির্দিষ্ট পার্টির পক্ষেই সর্বদা কথা বলে থাকে। অর্থাৎ সাংবাদিকরা নির্দিষ্ট পলিসির বাইরে বেরিয়ে কখনোই তাদের নিজস্ব বক্তব্য রাখতে পারেনা।

পরিশেষে বলা যায় যে অজও প্রেসের স্বাধীনতা প্রশ্নের সম্মুখীন।তারা এখনও দ্বিতীয় কোনো শক্তির দ্বারা পরিচালিত হয়ে চলেছে।

# FREEDOM OF PRESS IN INDIA: A LEGAL OUTLOOK

*-BY SHRUTI SETH (SEM-4)*

The word "Press" in general common consent refers to mass media, publications, magazines and newspapers and the people who are referred or




considered working for the press are journalists. The formation of press was made with the objective of providing unbiased news, opinions, comments and point of views on the matters of state and public affairs.

But since then, the means of press has evolved as well from printing newspapers, TV's to radio and podcasts, the press help people from an opinion and judgement on matters like- what's going on in their society?

Whether we should vote for this particular individual for the next lecture or not? But are these questions being answered without any malafide? And are journalists permitted to freely Write and publish anything without any interference by authorities?

## WHY SHOULD THERE BE A FREEDOM OF PRESS?

The idea of the press is to spread news, ideas, opinion, mindfulness by publishing the data and opinion on abundant matters by which citizens can form a rational judgement cannot be formed without proper information of the subject and this is where the press comes to play.The purpose of the press is to advance the public interest by publishing data and opinions without which a popular electorate cannot make responsible judgements concluded that press is the medium of information in the ultramodern developing world and that information should be unprejudiced and spread with bonfide.

## FREEDOM OF PRESS ACCORDING TO ARTICLE 19(1)(A)

To save the popular way of life it's essential for the people to have the freedom to express their pas sions and to make their views known to the people at large. The Press, an important medium of mass communication, should be free to play it's part in erecting a strong feasible society.

The Framers of the Indian Constitution considered freedom of the press as an essential part of the freedom of speech and expression as guarantted in composition 19(1)(a) of the constitution.



# অবাক সত্য

- সহেলী বিশ্বাস (সেম - ষষ্ঠ)

দিনের শেষে সঙ্গে খবর বাজছে নটা
সত্যি ছেড়ে মিথ্যে গুজব, ঘনঘটা।

রোজের কাজে, সত্যি কথা খুঁজছে যারা
হাত পা মুখ বন্ধ তাদের, তাই স্তম্ভ হারা।

ধর্ষণ থেকে দুর্নীতি আজ চাইছে বিচার
সত্যি তো নেই, মিথ্যে কথার হচ্ছে প্রচার।

বলছে যারা ধরবে তুলে আয়না টাকে
তাদের নিখোঁজ বিজ্ঞপ্তি ছড়ায় আগে।

রাজনীতির এই কালকক্ষে মরছে মানুষ
ক্ষমতা যাদের দম্ভ তারা ওড়ায় ফানুস।

রঙের আগে রাজনৈতিক তরজা জারি
হাসছে প্রমান, নিখুঁত আইন বাড়াবাড়ি।

গণতন্ত্রের রূপরেখার আজ গোড়ায় গলদ,
রাজনৈতিক ব্রিগেড মাঠে চরছে বলদ।

তবুও যেন যাবেনা বলা সত্যি কথা
সত্যি নিয়েই সমাজের আজ মাথা ব্যথা।

চাইছে যারা বদলে দিতে সমাজটাকে
তারায় আবার সমাজবিধির গন্ডি আঁকে।

তাই শেষমেষ,
যাহা বলিব মিথ্যা বলিব, মিথ্যা বিনা সত্যি বলিব না,
যাহা জানিবে, ক্ষমতা মানিবে, ক্ষমতা বিনা সমতা| আসিবেনা।

# মানবচক্ষুর আড়ালে এ কোন্ স্বাধীনতা




- শিঞ্জিনী ঘোষ(সেম - চতুর্থ)

আসলে স্বাধীনতার স্বাদ পেয়ে তার সেই স্বর্গীয় সুখ একইভাবে ধরে রাখা সম্ভবপর হয় না। তাই সমস্ত বিধি নিষেধ মেনেই এই সংবাদমাধ্যমকে কাজে লাগিয়ে এককালের সংগ্রামীরা দেশের ভীতু কালো চামড়ার মানুষগুলোকেও হাতে অস্ত্র ধরিয়ে দেশ ছাড়া করেছিল ইংরেজদের |

তবে একবিংশ শতাব্দীর প্রথমার্ধে যেখানে সবাই হ্যাস ট্যাগ ফেমিনিজ্‌মের ট্যাগ লাগিয়ে নারী স্বাধীনতা আদায়ে মত, সেখানে আজকের গল্পটা ভিন্ন স্বাধীনতার | গণমাধ্যম বলতেই সবচেয়ে প্রথম কি মাথায় আসে বলুন তো ? কি বললেন , জনগন ? হ্যাঁ একেবারে সঠিক জনগণ । জনগণ মানে আমরা অর্থাৎ সাধারন মানুষ বা আম আদমি। আদেও জনগনের বিন্দুমাত্র দৃকপাত আছে গনমাধ্যমের স্বাধীনতা নিয়ে ? না, নেই। কারণ সমীক্ষা বলছে 2023 সালে ভারতীয় গনমাধ্যম 161 তম স্থানে পৌঁছেছে | রকে বসে চায়ের কাপ হাতে পলিটিকস্ নিয়ে গলা চড়ানো কজন বাঙালি এই বিষয়ে জানেন ? যদি আমাদের দেশবাসীর কিছু দৃকপাত থাকত তাহলে সুইডেন , ডেনমার্কের মতো ছোটো দেশগুলোর পাশাপাশি প্রথম পাঁচটির মধ্যে আমাদের দেশও থাকত । নোটবন্দী থেকে ইডি সবই তো জেনে আসছি এই গনমাধ্যমের দ্বারাই , তবে তাদের স্বাধীনতা নিয়ে বিন্দুমাত্র মাথা ব্যাথা নেই কেন আমাদের ?

একটি সংবাদমাধ্যমের ঠিক ততটাই অধিকার যতটা একটা সাধারণ নাগারিকের অধিকার । ১৯ (১) (ক) এই ধারা অনুযায়ী বাক ও মতামত প্রকাশের অধিকার দেওয়া হয়েছে গনমাধ্যমকে | ভারতীয় গনমাধ্যমের স্বাধীনতা শর্তাধীন | কোথাও যদি কোনো অপমানজনক উক্তি প্রকাশ পায় তখন অন্য কর্তৃপক্ষ তার বিরুদ্ধে মানহানি মামলা করতে পারে | দেখতে গেলে গনমাধ্যমের হাত পা বাধা আর দড়ির খুটটা ধরা ওপর মহলের হাতে|

সংবাদমাধ্যমের ইতিহাসের পাতায় ও বর্তমানের খাতায় এহেন বহু নজির আছে | এরকম একটি উল্লেখযোগ্য ঘটনা ছিল ***Indian Express newspaper*** বনাম ***Union Of India*** | ভারতের সুপ্রিম কোর্টের ভেঙ্কটারমিয়া জে বলেছেন, " আজকের মুক্ত বিশ্ব সংবাদপত্রের স্বাধীনতা হল সামাজিক ও রাজনৈতিক মিলনের কেন্দ্র-বিন্দু | প্রেস এখন গনশিক্ষকের ভূমিকা গ্রহন করেছে , যেটি এক বৃহৎ পরিসরে বিশেষ করে উন্নয়নশীল বিশ্বে যেখানে টেলিভিশন বা অন্যান্য ধরণের আধুনিক যোগাযোগ মাধ্যমের এখনও সমাজের সমস্ত শ্রেণীর জন্য উপলব্ধ নয় , প্রতিষ্ঠানিক ও অপ্রতিষ্ঠানিক শিক্ষাকে সম্ভব করে তোলে । সংবাদমাধ্যমের উদ্দেশ্য হল তথ্য ও মতামত প্রকাশের মাধ্যমে জনস্বার্থকে এগিয়ে নিয়ে চলা যা ব্যাতীত একটি গণতান্ত্রিক সরকার দায়িত্বশীল রায় দিতে পারেন না । সংবাদপত্রগুলি জনপ্রশাসনের প্রভাব ফেলে এমন সংবাদ এবং মতামতের উদ্যোক্তরা প্রায়শই এমন উপাদান বহন করে যা সরকার এবং অন্যান্য কর্তৃপক্ষের কাছে প্রশংসনীয় হবে না ।

স্বাধীন সাংবাদিকতা এবং গণতন্ত্রের প্রচার করে সরকারের বিরুদ্ধে জনসাধারণ তাদের মতামত প্রকাশ করতে পারে | আমাদের মতো এই তৃতীয় বিশ্বের দেশে চতুর্থ স্তম্ভের একটা স্বাধীনতা থাকবে না ? সাম্প্রতিক বছরগুলিতে ঘৃণামূলক অপরাধ , মিথ্যা অভিযোগ , ভুল চরিত্রায়ন , জাল খবর ইত্যাদির কারনে বর্তমানে গনমাধ্যমের অপব্যবহার ঘটছে । স্বাধীনতা থাকলেও যে তার অপব্যবহার হবে সেটাই প্রাসঙ্গিক , তাই স্বাধীনতা থাকুক সীমাবদ্ধতার বেড়া জ্বালে ।

ঠিক যেমন Feminism -এর ট্যাগ লাগিয়ে বহু নিরীহ পুরুষ মানুষদের আত্মসম্মান বলিদান দিতে হচ্ছে | কি বলছেন কেন? কেন মশাই , মনে নেই এই গত বছরেই সুইগীর ডেলিভারী বয়ের সাথে কিরকম অন্যায়টা করা হয়েছিল , মনে পড়ে কি সে কথা ? তাই স্বাধীনতা হীনতায় যেমন কেউ বাঁচতে পারে না ঠিক তেমনই সংবাদমাধ্যমের অতিরিক্ত স্বাধীনতায় অনেক সমস্যার সৃষ্টি হতে পারে আমাদের মতো দেশে |

আসলে সংবাদমাধ্যমের স্বাধীনতা ঠিক সেই অর্থে কোনো কালেই আমাদের দেশে ছিল না । তবুও নেই কি স্বাধীনতা ? এই যে কিছু সংবাদমাধ্যম রাজনৈতিক রং থেকে গা বাঁচিয়ে নিরপেক্ষ মতামত প্রকাশ করতে পারে সেটাও তো একপ্রকার স্বাধীনতা |

অ্যাব্রাহাম লিনকনের কথায়,
*"The world has never possessed a good definition of the word "freedom'"*



"কলমকে বলা হয় তলোয়ারে চেয়েও শক্তিধর"

রবি ঠাকুরের কথায়,

"হীরে বসানো সোনার ফুল কি সত্য? তবুও কি সত্য নয়"?




# স্বাধীনতা চাই স্বাধীনতা

-পিয়ালি শেঠ(সেম - দ্বিতীয়)

আজ যেখানে বসবাস করছি আমরা, আমাদের এই সুন্দর পৃথিবীতে প্রতিনিয়তই ঘটে চলেছে নানান আকস্মিক ঘটনা । কিছু ঘটেছে চোখের সামনেই বাকি অনেক ঘটনা ঘটেছে সুদূরে। সব ঘটনার বিবরন ব্যাখ্যা, ভয়বহতা, কারন, ফলাফল আমদের চোখের সামনে এনে দিয়েছে সংবাদ মাধ্যম নিত্য দিনের জিবনে একটা বিশেষ প্রভাব বিস্তার করেছে সংবাদ ও সংবাদপত্র কিন্তু আশ্চর্যের বিষয় হল এই সংবাদের নির্দিষ্ট কোনো সংজ্ঞা হয় না। তবুও সংবাদ ও সংবাদ মাধ্যম নানা ভাবে নানা অজানা তথ্য আমদের কাছে প্রেরন করে চলেছে। যুগ যুগান্তরে দেশ দেশান্তরে বিজ্ঞান ও বৈজ্ঞানিক প্রক্রিয়ার উন্নতির সাথে সাথে তাল মিলিয়ে সাংবাদিকতারও উন্নতি হয়েছে অনেকাংশে। ১৭৮০ সালে ভারতে জন্ম হয় প্রথম সাংবাদপত্রের জেমস আগাসটার হিকির হাত ধরে। ভারতে তখনই পথ চলা শুরু হয়েছিল সাংবাদিকতার। ধীরে ধীরে সেই প্রথম প্রজন্মের সাংবাদপত্রের মানান্নতির ফলে আজ সাংবাদপত্র আধিপত্য বিস্তার করেছে প্রতিটি বাড়ির ড্রয়িং রুমে।



এই সংবাদপত্র তৈরির পিছনে অবদান থাকে অনেক মানুষের সংবাদ সংগ্রহ, সংবাদ বাছাই, সংবাদ সঞ্চালন এমনকি খবর ছাপানো পর্যন্ত নানা প্রক্রিয়ার মাধ্যমে সংবাদ প্রস্তুত করা হয় । এত উন্নতির শীর্ষে দাঁড়িয়েও কি আজ সংবাদ স্বাধীন সংবাদপত্রের গায়ে কি বেড়ি পরায়নি সমাজ? একবিংশ শতাব্দীতে উন্নতির শীর্ষের দাঁড়িয়েও অনেক প্রতিকূলতা কাটিয়ে ভেবেচিন্তে সংবাদ পেশ করতেহয় সাংবাদিকদের রাজনৈতিক বিষয় নিয়ে স্বাধীনভাবে লেখা লেখি করা একপ্রকার দুস্কর বলা চলে, তবুও সাংবাদিকরা চেষ্টা করেন সঠিক সংবাদ জনগনের দরবারে পৌঁছে দেওয়ার কখনও আবার যুদ্ধ এর ভয়াবহতা সরাসরি পৌঁছে যাচ্ছে প্রত্যেকের বাড়ি বাড়ি চিত্রসাংবাদিকরা এবং তাদের সহ সাংবাদিকরা নিজেদের প্রাণের ঝুঁকি নিয়ে খবর সংগ্রহ করতে পৌঁছে যান রণক্ষেত্রে।

এত প্রতিকূলতাকে পিছনে ফেলেও সাংবাদিকতা এগিয়ে চলেছে নিজের পথ ধরে সাংবাদিকতার একান্তই একটা স্বাধীনতার প্রয়োজন। এতে সংবাদ পাঠকদের কাছে গুরুত্বপূর্ণ খবর পৌঁছে যাবে এবং এই কাজে সক্ষম হবে সংবাদ মাধ্যম তারা যদি স্বাধীনতা পায়। সাধারন মানুষও যদি সংবাদ মাধ্যম ও সাংবাদিকদের নিজ নিজ সীমায় থেকে যথেষ্ট সাহায্য করলে স্বাধীনতা হয়তো আসবে সাংবাদিকদের আয়ত্ত্বে। চোখের সামনে, শান্ত প্রকৃতির মধ্যে বসে সাংবাদিকতার কর্মকাণ্ডকে যতটা সোজা সাপটা মনে হয়, ততটা সোজা হয়না, এই সাংবাদিকতার মধ্যে জটিলতাও আছে অনেক। আজকাল তো আবার সামাজিক যোগাযোগ মাধ্যমও সংবাদ আদান প্রদানের মাধ্যম। এত উন্নতির মাঝেও কোথাও পিছিয়ে আছে সাংবাদিকতা নানা বিষয়ে, নানা প্রকারে, নানা পর্যায়ের মহারথীরা সংবাদ মাধ্যমের কণ্ঠরোধ করে রেখেছে। যদি সংবাদকে মুক্ত করা হয়, তবে সংবাদ সত্যিই সত্যকে প্রকাশ করতে পারবে যা কিছু এতকাল ধরে দৃষ্টিগোচরে আছে। বাঁধা ভেঙ্গে নতুন রূপ পাবে সাংবাদিকতা, স্বাধীনচেতা হবে সংবাদমাধ্যম।






# WORLD PRESS FREEDOM DAY

*-Kaushambi Basu (SEM-4)*

*"When we starts our press freedom news room. We know women journalists were being targeted, but we did not expect that we will find such grave stories that not only show the obvious difficulties women journalists face while doing their job, but also the hidden threats to their safety"*

*-Kiran Nazish (Founding director at CFWIJ)*

*"A free media is one of the pillars of democracy"*

*-Nelson Mandela*

*"No prison is big enough to contain free speech."*

*- MAZEN DARWISH*

World press freedom day is observed every year on 3May. The day highlights the fundamental principles of press freedom and to defend the media from attacks on them for carrying independence working.

The united Nation General Assembly proclaimed 3May as "WORLD PRESS DAY" in December 1993. This day is acknowledged as the press freedom commitment by the government of India.

On the this day, the several culture events are organized to determine the signification of press freedom.

UNESCO conferred award to deserving organizations individually or institutions that have made commendable contributions and defense of press freedom in any part of the world. In a country like India, it is celebrated to salute the media Journalists who risked their lives in providing information or sometimes lost their lives for the sake of their duty itself. It is also true that the media is getting biased now days which puts question mark to its credibility. Journalists are endorsed by politicians to fabricate false news.

Many country and state many people celebrate this bur press freedom has not changed much for women journalists. In 2023 women journalist's are still attacked or impeded in the field. Around 10.9% of journalists were harassed online. Woman journalists refuse to back down despite the risks even as they are murdered . 2023 is yet again another year were CFWIJ has increasingly documented attacks and threats against women journalists. Between January 2021 and April 2021, the CFNIJ document 348 cases of violence against women journalist - the highest number even recorded. That number was 150 in the first four months of 2020. Seven women journalists were killed between January and April of 2021. 17 women journalists remain behind bars.

On March 20, 2021, our team member Ceren Kaynak Iskit – in Turkey got identified and physically assaulted by the police after she showed her credentials. Ceren was monitoring the conditions




women journalists on the ground covering the Istanbul conversion protest. By research and monitoring around 92 courtiers show that Afghanistan, Myanmar, Belarus, Turkey and Pakistan are the most dangerous countries for women journalists.


Women journalists around the world face growing threats in the age of COVID-19. With the spread COVID-19 political turmoil's around the world, unprecedented numbers of women journalists have lost their livelihood. Those who have survived the layoffs are on the frontline often without resource.

The CFNIJ also notes a rapid increase in online bullying and misinformation campaigns. This is an urgent issue, and we all have to demand attention from all stakeholders of democracy to fight for protection of Women journalist.

Unprecedented numbers of women journalists have lost their livelihood. Those who have survived the layoffs are on the frontline often without resource. The CFNIJ also notes a rapid increase in online bullying and misinformation campaigns. This is an urgent issue, and we all have to demand attention from all stakeholders of democracy to fight for protection of Women journalist. The forth pillar of society is journalist but their family does not have any safety but they have many life risk every day. We all know that press freedom's importance.

Media, Newspaper should have freedom to publish them. Simultaneously, journalist have freedom to tell or cover the truth, but do not have any safety. Many films are made base on press freedom like Network, Goodnight and Goodluck, Spotlight, The Front Page etc. In a nutshell, media plays a very crucial role in the development of any country. It not only makes people aware of what is going on around the world but also about the events which has impacted about the events which has impacted their lives.Safety of journalist and media persons while delivering information and news is something really important.

We all celebrate this day to show respect to the journalist and the freedom of media. So, we all should respect journalist all time not this particular day but every day for their contribution and specially pay respect to all women journalist and think about their safety.




## Across

3. The stylistic device used by a reporter to draw a reader into the story
5. Also Called Periodical
6. The point at which a story turns from one column to another or 'jumps' to another page
8. Exchange of information

## Down

1. Lettered man in journalism
2. Headline or text accompanying a picture or illustration
4. Continuous operation of a printing press for a specific job
7. Early "yellow journalism" practitioner

# চতুর্থ স্তম্ভ, তবুও স্বাধীন নয়

-অমৃতা সাহা(সেম - দ্বিতীয়)

বারাবরই আমরা জোর গলায় বলে থাকি সংবাদপত্রের স্বাধীনতা রয়েছে। ভারতীয় সংবিধানের ১৯(১) (ক) নং ধারায় সকল নাগরিকের বাক্ও মত প্রকাশের স্বাধীনতার অধিকার নিশ্চিত করে। তাই অধিকার দিয়েই সংবাদপত্রের স্বাধীনতাকে অন্তর্ভুক্ত করা যায়। বাক্ ও মত প্রকাশের স্বাধীনতা মানে মুখের কথা, লেখা ও মুদ্রণ, ছবি বা অন্য কোনো উপায়ে স্বাধীনভাবে নিজের বিশ্বাস ও অধিকার।

গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হিসেবে গণ্য করা হয় সংবাদপত্রকে তবে, একবিংশ শতকে



দাঁড়িয়েও সব সময় সব ক্ষেত্রে চাইলেও সংবাদ প্রকাশ করার অধিকার পাওয়া যায়না। বিভিন্ন সময় দেখা যায় সাংবাদিক খবর সংগ্রহ করতে গিয়ে নিগ্রহের স্বীকার হচ্ছে। এমনকি প্রান নাশের হুমকি, জেলে ভরে দেওয়ার মত কাজও লক্ষ্য করা যায় ।সংবাদপত্রের স্বাধীনতার কথা এখন ইতিহাস। বর্তমানেও রিপোটার্স উইদাউট বর্ডারস দ্বারা প্রকাশিত ২০২২ সালে প্রেস ফ্রিডম ইনডেক্সে ১৮০টি দেশের মধ্যে ভারতের অবস্থান ১৫০ তম স্থানে রয়েছে। ২০২২ সালে বিশ্ব প্রেস ফ্রিডম ডে প্রকাশিত মিডিয়ার জন্য স্বাধীনতা মূল্যায়ন করে ভারত এই বছর অবস্থানে অন্য দেশের তুলনায় পিছিয়ে।

অনেক সময়ই সংবাদমাধ্যমের গলা চেপে ধরা হয়। স্বাধীনভাবে মত প্রকাশ করতে গিয়ে অনেক সময় সাংবাদিককে সরকারের চক্ষুশূল হতে হয়। আবার এটাও দেখা যায় যে কিছু

## মিডিয়ার জন্য সবচেয়ে বিপজ্জনক

সংখ্যক সাংবাদিক মিথ্যা সংবাদ, গুজবকে সংবাদ বলে চালানোর চেষ্টা করে। যাকে এক কথায় বলা যায় "হলুদ সাংবাদিকতা"| মানুষকে বিভ্রান্ত করে দেওয়া হয় মনগড়া কিছু সংবাদ তৈরী করে। কুলদীপ নায়ারের 'দ্য জাজমেন্ট' লেখা বইটি পড়লে সংবাদপত্রের স্বাধীনতা হরণের খবর জানা যায়। আসলেই যারা সত্য প্রকাশের লড়াইটা নিরপেক্ষভাবে তারাই কিছু ক্ষমতাসীনদের আক্রমনের শিকার হয় | সংবাদমাধ্যম তার নিরপেক্ষতা ও বিশ্বাস হারালে সবচেয়ে বেশী লাভবান হয় এই ক্ষমতাসীনরাই ।ব্রিটিশ শাসনকালে যুগান্তর, অমৃতবাজার, সোমপ্রকাশ এর অবস্থাও একই রকম হয়েছিল ।ব্রিটিশ শাসনের বিরুদ্ধে কলম তুলে নেওয়ার জন্য বন্ধ করে দেওয়া হয়েছিল এই সংবাদপত্রগুলিকে।

এখনও তা বাদ পড়েনি। সংবাদ হবে সব সময় নিরপেক্ষ। সেটি ভালো না মন্দ, নৈতিক না অনৈতিক সংবাদ হবে সর্বদা তা বিচার করা সাংবাদিকের কাজ নয়।

সংবাদিকরা বিশ্বের সর্বত্রই টার্গেট| সন্ত্রাসবাদী থেকে শুরু করে ক্ষমতাসীনরা সবার ব্যাপারে মুখ খুললেই তাদের ঠাই হয় কারাগারে অথবা পরজগতে | তা সত্ত্বেও কিছু সাংবাদিক যারা নিষ্ঠা ভরে মহান দায়িত্ব থেকে পিছপা হননা।

সিদ্দিক কপ্পান যিনি ২০২০- এর ৫ ই অক্টোবর হাথরস গনধর্ষণ ও হত্যার রিপোর্ট করতে এসে উত্তর প্রদেশ পুলিশ তাকে এবং আরো ৩ জনকে গ্রেপ্তার করে। গৌরী লঙ্কেশ যিনি লঙ্কেশ পত্রিকার সম্পাদক ছিলেন। তিনি ধর্মনিরপেক্ষতার প্রবক্তা ডানপন্থী শক্তির সমালোচক করেছিলেন। তাকে তার বাড়ির বাইরে আততায়ীরা গুলি করে হত্যা করেছেন ।

জে দে যার পুরো নাম জ্যোতিময় দেব। তিনি দাউদ ইব্রাহিম ও ছোট 'রাজন'কে নিয়ে অনেক রিপার্ট করেছেন।অপরধ ও তদন্ত সম্পাদক হিসেবে মিড-ডে তে যোগদান করেন| ২০১১ সালের ১১ ই জন মোটর সাইকেলে থাকা চারজন অজাতপরিচয় বাক্তি তার - পর চারজন গুলি চালায় হাসপাতালে নিয়ে গেলে তাকে মৃত বলে জানানো হয়। মুম্বাই পুলিশের অনুমান যে তেল মাফিয়া সর্ম্পকে প্রতিবেদনের সাথে মৃত্যু সম্পর্কিত হতে পারে।

এইরকমই সাহসিতার এমাণ বেশ কিছু সাংবাদিক রেখে গেছেন।তাই ইয়ং ইন্ডিয়া

> *"Freedom of the press is the mortar that binds together the bricks of democracy- and it is also the open window embedded in those bricks."*
>
> *------ Shashi Tharoor.*

পত্রিকায় মহাত্মা গান্ধীর বক্তব্য করেছিলেন, সংবাদের স্বাধীনতার প্রতি যথার্থ শ্রদ্ধার পরিচয় তখনই মিলিবে, যখন সংবাদমাধম কোনও বিষয়ে অত্যন্ত কঠোর ভাষায়মন্তব্য করিতে পারে, এমনকি তাহার ভ্রান্ত প্রতিফলনও করিতে পারে। গান্ধীর এই বরব সথাথতাব মেনে চলা হলেই বিভিন্ন সংবাদপএগুলি সমান গুরুত্ব পাবে তার সাথে সাথে প্রেস একদিন আসল স্বাধীনতার মুখ দেখবে।

# FREEDOM LIES IN BEING BOLD

*-Barnini Rudra(SEM-2)*

Every year on 3rd May we celebrate **"WORLD PRESS FREEDOM DAY"**, touprise the awareness about the importance of press freedom in the democracy. A s media or press is considered as the 4th estate of the realm we get all the important informations very easily on time. The journalists with all their hardworks throughout days tries to provide us with all major informations. So I asked few people about their view on press freedomfor the readers on this special day and the answers I received-

**The democracy has given freedom to the press so that the common people should get the perfect,true,important news on time.But in this 21st century press is all about competition and business.Competition among the news channels and media houses on who would telecast or publish informations first has become the main motive now.And for this competition we the normal people dont get the truthful news many times as the verifications are not done properly.Press has given so much freedom that it can declare anyone guilty of any crime before any verdict from the court of law which can ruin someone's life and that is not justiciable.**



**SOMENATH BISWAS,**
**Teacher**



**DEBADITYA BHATTACHARYA,**
**College Student**

**According to me, by the norms of the government press grants freedom but in reality the matter is quite different than how it is supposed to be.Media do not get the freedom of publishing or telecasting every informations as they are not always allowed to.The journalists are supressed by the political leaders,parties,powerful businessmans etc.Nowadays few media channels being biased gives us informations.We see what we are shown and get that much update which the press gives us,not everything.**

Media is known as the 4th pillar of democracy as it plays an important role in keeping democracy alive.According to me,the ideals of media's are not violated as it is being supervised by the constitution of our country and article 19 plays a vital role.Sometimes if there's an outbreak of falsity in media,the judiciary system of India comes into action. Sometimes many cable networks are prohibited to forcast independently by government and in that case the judiciary system can be usued as a medium to solve the issu.Over all, I dont feel there's a lot of hurdle in the path of media.



**ARKA CHAKRABORTY,**
**UPSC Aspirant.**



**DEBABRATA DEY,**
**Government Employee.**

According to International Constitution Day the program of "REPORTERS WITHOUT BORDER" had been introduced,however I dont believe fully that the liberty is granted to the press.After the 2014 election, the new Prime Minister founded that the extreme liberty of the press was causing conflict amongst the people.Unless the flasity stops, it would be impossible to bind together the democracy of the country.The press is supressed by the poltical influences and thus is unable to convey the morally right information.

Talking about press,primarily what comes into our mind is that through press, the truth is conveyed to the people of a democratic society.A free press is very important for the smooth functioning of a democracy.However, I dont think they have enough freedom because of certain censorships from the political parties and many more.To be precise,press is poweful than any democratic organisation. But I feel some kind of supervision must be on press otherwise it can publish anything that can take any negative turn to someone's life or can cause trouble to common people.



**ANGIRA CHAKRABORTY,**
**College Student**

# The Power of Pen: Without Fear of Favor

*-Adrija Paul(SEM-2)*

Every year on May 3rd, UNESCO commemorates World Press Freedom Day by conducting conferences through media experts, but strangely, all of these conversations are buried the next day under the weight of the system. Have we ever delved at the motivations behind the camera? Article 19's Global Expression Report for 2022 reveals a bleak picture:Only 15% of the World's population – or around 1 in every 7 people – live in countries where they can seek, receive or share information freely and safely. According to Reporters Without Borders, India stands at 150 out of 180 countries. Politically partisan media is one of the reasons behind the sharp decline of the index in recent years.

"I have resigned,"the journalist announced in a YouTube video last November. "You won't hear me on NDTV anymore saying "Hello, my name is Ravish Kumar..." And with that, the long-serving face of New Delhi Television, one of India's oldest news broadcasting stations, announced his retirement. Ravish Kumar, one of the strongest voices in television journalism, departed NDTV when Gautam Adani, a close associate of the Indian government, acquired control of the channel. Another independent journalist, Faye D'Souza, the executive editor of the Mirror Now channel, who was renowned for her forthright style, left the organization due to a political disagreement. Authoritarian leaders like Vladimir Putin, Jair Bolsonaro, and Nare ndra Modi are tightening their control over what we see, hear, and say aroundthe globe, from Ethiopia to Brazil to Myanmar and Russia. This is what occurs when a person thinks outside the box. One becomes a target of harassment, the more one attempts to create an impression.






In RSF's report, India shares the third position with Yemen in the ranking of 'most dangerous countries for




journalists' receiving threat calls and getting killed during their work portray the degree of violence in India, especially after the death of reporter Gauri Lankesh on September 2017.

Despite everything, every man has the right to voice his opinions in whichever manner he pleases. Without newspapers, radios, news channels an average person would no knowledge of what's going on around them. The media gas the power to change the perspective of a person about anything, it circulates. Thus, the press and media is a vital branch of the masses and should be free of all barriers so as to rightly preserve the "Fourth Pillar of Democracy".



# Journalistic Point of View

## (Interview of Famous Journalists)

*-PIYALI SAHA & PRIYASI PAL(SEM:6)*




*Pracheta Gupta (ABP DIGITAL)* সংবাদমাধ্যমের স্বাধীনতার কথা বলতে গেলে প্রথমেই ভারতীয় সংবিধানের Article ১৯ ও Ariticle ১৯ (১) এর কথা উল্লেখ করতে হয়। যেখানে নাগরিকের বাক স্বাধীনতার কথা স্পষ্ট উল্লেখ রয়েছে। বাক স্বাধীনতা বা মত প্রকাশের স্বাধীনতা নাগরিকের অস্তিত্বকে আরও জোরালো করে ভারতের মতো গণতান্ত্রিক দেশে। কেবলমাত্র তাই নয় 'রাইট টু ইনফরমেশন' বা তথ্য অধিকার আইন এই সংবিধানের আরও একটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র যা নাগরিকের জ্ঞান, শিক্ষা ও বোধের উন্মেষ ঘটাতে সাহায্য করে। ভারতে গণমাধ্যমের স্বাধীনতা এর মধ্যেই লুকিয়ে রয়েছে। সহজ ভাষায় বলতে গেলে কোনও মানুষের নিজস্ব মত প্রকাশের মাধ্যম হল গণমাধ্যম।

সাম্প্রতিক অতীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিয়ে বিবিসির তৈরি করা স্বল্প দৈর্ঘ্যর বিতর্কিত ছবি কে কেন্দ্র করে ঘটে যাওয়া ঘটনাবলি নিয়ে মতবিরোধ রয়েছে। বিবিসির মতো প্রথম সারির সংবাদমাধ্যমের দিল্লি ও মুম্বাই অফিসের আয়কর হানায় অনেকেই সংবাদ মাধ্যমের ওপর প্রশাসনিক ও রাজনৈতিক প্রভাবের উল্লেখ করেছিলেন। এমন ঘটনা এরাজ্যেও বিরল নয়। গণতন্ত্রের চতুর্থ স্তম্ভকে আঘাত করার চেষ্টা হয়েছে বারে বারেই। তবে অত্যন্ত দুর্ভাগ্যজনক যে ২০২২ সালে প্রকাশিত হওয়া প্রেস ফ্রিডম ইনডেক্স অনুযায়ী ভারতবর্ষ যা বর্তমানে জনসংখ্যায় প্রথম তা ১৮০টি দেশের মধ্যে ১৫০ নম্বরে রয়েছে গণমাধ্যমের স্বাধীনতার নিরিখে।

বিশ্বের সর্ববৃহৎ গণতান্ত্রিক দেশ হিসাবে যেখানে ভারতের বাকিদের পথ দেখানো উচিত সেখানে প্রতিদিন সংবাদ মাধ্যমকে অস্তিত্ব টিকিয়ে রাখার লড়াই করে যেতে হয়। আবার এও ঠিক যে ভারতবর্ষের সংবিধানে 'প্রেস ফ্রিডম' স্পষ্ট উল্লেখ না থাকলেও সংবাদ পত্রের শিরোনাম থেকে সম্পাদকীয় সর্বত্রই রাষ্ট্রের কার্যকলাপ এর সমালোচিত লেখা ছাপা হয়, যার প্রভাব জনমানসে সুদূরপ্রসারী।বর্তমানে সমাজমাধ্যমের জনপ্রিয়তা সংবাদমাধমের লড়াইকে আরও কঠিন করে তুলেছে। "ফেক নিউজ" দাবানলের আকারে ছড়িয়ে পড়ে, যাকে দমন করার দায়, সমাজ, প্রশাসন ও সংবাদমাধ্যম-সকলেরই।









*Dwaipayan Ghosh (Times of India )* Basically now what has happened is we are facing many challenges. We are challenged by various mediums. With the rise of social media, the situation is more aggregated. The primary reason being revenue generation technique. When you try and decide what you want as news, instead of focusing what is coming out and that creates a problem. It is wrong notion that challenge is only from the government,it also comes from stakeholders, business etc.

We should stick to the basic principle of journalism of 5W1H rather than editorializing everything. We cannot compromise on basic and let reader decide what is best. That doesn't allows anyone to get offended. We don't want anything to go beyond facts. When one sticks to facts there is minimal chance of you being telling and that changes the game. Secondly, journalism fraternity as a whole trying to put up a resistance. A much required resistance I'll rather say. The alternative media is doing their thing. It is important that all stakeholders come together for independent journalism and basic right of journalists.













*Sayanta Bhattacharya:*
*(TV9 Bangla)*

Press Freedom বলতে আমরা বুঝি সংবাদপত্রের স্বাধীনতা। গণতন্ত্রের চারটি মূল স্তম্ভের মধ্যে একটি হলো সংবাদমাধ্যম। তবে বর্তমান যা অবস্থা তাতে গণতন্ত্রের চতুর্থ স্তম্ভই সবথেকে বেশি বিপন্ন কারণ শুধু রাষ্ট্রীয় বা প্রশাসনিক কারণ টা নয় , সাংবাদিকদের একাংশ বিকিয়ে গিয়েছে , আগে ভয়ডর হিনভাবে সত্য ঘটনা উপস্থাপন করা হতো। সাংবাদিকরা বিকিয়ে যাওয়ার কারণে তারা যা দেখে সেই সত্যিটা উপস্থাপিত করতে পারে না। আর উপস্থাপিত করতে পারে না বলেই তাদের মুখ বন্ধ করে যাওয়া টা সহজ। প্রথম থেকে এখনও পর্যন্ত যতজনকে দেখেছি লিজেন্ড সাংবাদিককে দেখেছি তাদের কলম তরোয়ালের মত শক্তিধর। বর্তমানে সেই কলোমটাও বিকিয়ে গিয়েছে কারণ আমাদের যে স্বাধীনতা দেওয়া হয়েছিল সেই স্বাধীনতা আমরাই অপব্যাবহার করেছি। তাই বর্তমানে আমরা প্রেস ফ্রীডমের দ্বারা আর কোনো যুদ্ধকালীন পরিস্তিতি সামলাতে পারবে না। প্রেস ফ্রীডম অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়, এবং বর্তমানে প্রেস ফ্রীডমের যে মৌলিক বিষয়গুলি কেবল খাতায় কলমে রয়ে গেছে।

বাস্তবায়ন কম বলেই প্রেস ফ্রীডম এর অপব্যাবহার হয়। বিদেশে প্রেস ফ্রীডমকে অত্যন্ত গুরুত্ব দেওয়া হয়। বাইরে বড় বড় পত্রিকাতে কোনো লেখা বেরোলে সেটা নিয়ে দেশের রাজনৈতিক মহল ও কূটনৈতিক মহল নড়ে ওঠে, কেউ তাদের মুখ বন্ধ করতে আসে না। তবে আমাদের দেশে বারবার মুখ বন্ধ করার চেষ্টা করা হয়।

আর একটা উল্লেখ্যযোগ্য বিষয় হলো নিরপেক্ষতা। বর্তমানে সমস্ত সংবাদমাধ্যম কোনো না কোনো দিকে ঝুঁকে আছে। স্বাধীনভাবে সেখানে খবর পরিবেশন করা যায়না কারণ তাদের কিছু editorial policy থাকে। এই baised ব্যাপার আর জন্যই সঠিক ভাবে পরিবেশন করা যায় না। তবে প্রথমেই নিরপেক্ষভাবে কাজ করার জন্য শেখানো হয়। এবং স্বাধীনতার সুষ্ঠ ব্যাবহারের কথাও বলা হয়। ভারতের প্রেস ফ্রিডমের অবস্থা খুব বেশি খারাপ বর্তমানে।

গৌরী লঙ্কেশ এর মত লোককে খুন হতে হল। বর্তমানে ভারতে সঠিক কথা বলা



মানে বিপদ কে ডেকে আনা। তবে আক্ষরিক অর্থে প্রেস ফ্রিডম বলতে কিছু নেই।

বর্তমানে নিম্নমানের পরিবেশনা দেখা যায় ডিজিটাল সংবামাধ্যমগুলোতে। এতে সংবাদমাধ্যমের স্বাধীনতার অপব্যাবহার করা হয় তাতে সন্দেহ নেই। আগামী দিনের সাংবাদিকদের জন্য এইটাই উপদেশ থাকবে যাতে তারা যা দেখেছে অন্তত তার ৭০ শতাংশ যেনো সঠিক ভাবে পরিবেশন করা হয়। নইলে প্রেস ফ্রিডম আগেও ক্ষুণ্ণ হয়েছে এখনও হবে ভবিষ্যতেও হবে|







Chaitali Biswas
(Anandabazar Patrika)

World Press Freedom অর্থাৎ সংবাদপত্রের স্বাধীনতা একটি আশ্চর্য বিষয় কারণ যেখানে গণতন্ত্রের চারটি প্রধান স্তম্ভ তার অন্যতম একটি হলো সংবাদমাধ্যম বলে মনে করা হয় কিন্তু যখন স্বাধীনতার কথা আসে তখন সংবামাধ্যমগুলোর নিজের হাতেই অনেক সময় অনেক খবর লেখার বা প্রকাশ করার স্বাধীনতা থাকেনা। মূলত সংবাদপত্রে কাজ করতে গিয়ে নিজস্ব অভিজ্ঞতায় যা দেখেছি সাংবাদিকদের কাজ খবর নিরপেক্ষভাবে প্রকাশ করা , তাতে মত ও বিরুদ্ধ মত সবটাই সেখানে থাকবে , সেখানে একজন সাংবাদিক হিসেবে আমি কোনো পক্ষ নিতে পারিনা এটাই আমার কাজ। কিন্তু অনেকক্ষেত্রেই দেখা যায় নিরপেক্ষ সংবাদ প্রতিবেদন লেখার ক্ষেত্রে রাজনীতি রাষ্ট্রের চাপ সাংবাদিককে সেই খবর লেখা থেকে বিরত করে কিংবা কোনো সাংবাদিক রাষ্ট্রের বিরুদ্ধে কলম ধরলে সেই সাংবাদিকের জায়গা হয় জেলে, তাকে দেশদ্রোহী বলে জেলে ঢুকিয়ে দেওয়া হয়। খুব সম্প্রতি আমরা হাথরাস হত্যা কান্ডের ঘটনা জানি যেখানে সিদ্দিক কাপপান নামে একজন সাংবাদিক সেই ঘটনার খবর কভার করতে যাওয়ার পথে গ্রেপ্তার হয় উত্তরপ্রদেশ পুলিশের হাতে এবং দীর্ঘ দুবছর তাকে জেলে রাখা হয় এবং তিনি জামিন পাননি, সম্প্রতি তিনি জামিন পেয়েছেন কিন্তু সেই মামলা টি এখনও চলছে। সিদ্দিক কাপপান ভারতীয় সংবাদমাধ্যমের একটি মুখ যেখানে দেখা যায় যে রাষ্ট্র কিভাবে স্বাধীন মতপ্রকাশ বা স্বাধীন নিরপেক্ষ সম্প্রচার এর ক্ষেত্রে বাধা সৃষ্টি করে। ভারতের সংবাদমাধ্যমগুলোর অবস্থা এখন খুবই সঙ্গিন। অধিকাংশ সংবাদমাধ্যম বা সাংবাদিকদের কাজ করতে হয় করপোরেট সংস্থার স্বার্থের কথা মাথায় রেখে। কারণ যদি না বিজ্ঞাপন খবরের কাগজে টেলিভিশনে না আসে তবে সেক্ষেত্রে সে হয়তো তার মাসিক বেতন টাও পর্যন্ত পাবে না। তাই একজন সাংবাদিকের মধ্যে সবসময় একটা দৈতস্বত্তা কাজ করে যে সে নিরপেক্ষ সংবাদ পরিবেশ আর কাজ করবে নাকি সে তার সংস্থার মাথা বাঁচিয়ে কাজ করবে। কিন্তু তার মধ্যেও সাংবাদিকরা কাজ করে চলেছেন। কাশ্মীরে ৩৭৭ ধরার



সময় সাংবাদিকরা রাষ্ট্রের বিরুদ্ধে গিয়ে অনেক খবর পরিবেশন করেছেন , অনেক মহিলা সাংবাদিকরাও উল্লেখ্যযোগ্য কাজ করেছেন। আন্তর্জাতিক সংবাদ মাধ্যমে কাশ্মীর সীমান্তের প্রতিবেদন সামনে এসেছে। দেশের বিভিন্ন প্রান্তে independent journalist কাজ করে চলেছে। World Press Freedom দিনটি ভীষণ গুরুত্বপুর্ন, এই দিনটি ইউনেস্কো ঘোষিত এবং এই দিনটি আমাদের আলাদা করে মনে করিয়ে দেয় যে সংবাদমাধ্যমকে আমাদের পূর্ণ স্বাধীনতা দেওয়ার জন্য কোথাও হয়তো একটা আইনের প্রয়োজন রয়েছে যেখানে হয়তো সেই সুরক্ষা কবজ একজন সাংবাদিক পাবেন ,সেই কাজ টা যত তাড়াতাড়ি আলোচনা সাপেক্ষে এগিয়ে যায় ততই মঙ্গল।



# স্বাধীনতা! নাকি স্বৈরাচার?

-সহেলী বিশ্বাস(সেম - ষষ্ঠ)




স্বাধীনতা এই শব্দটার অর্থ অত্যন্ত গুরুত্বপূর্ণ আমাদের মানবজীবনে। কিন্তু বর্তমানে নাগরিক স্বাধীনতা থাকলেও গণমাধ্যমের স্বাধীনতা নামমাত্র। চতুর্থ স্তম্ভ অর্থাৎ গণমাধ্যমের গুরুত্ব আজ ক্ষমতার নাগ প্যাঁচে অর্ধবিলুপ্ত। মতপ্রকাশের স্বাধীনতা প্রশ্ন চিন্হর সম্মুখীন যেখানে, সেখানে সত্যের অনুধাবন করা একটা মেটাফোর। একটি দেশের প্রগতির পিছনের আরেক কারিগর হলো সেই দেশের স্বাধীন গণমাধ্যম। অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদের মাধ্যমে সেগুলো তুলে ধরা না হলে ত্রুটিমুক্ত সমাজ গঠন অসম্ভব। গণমাধ্যমই এই গুরু দায়িত্ব পালন করে থাকে। তবে রাজনৈতিক চাপানউতর এখন গণমাধ্যমের রোজনামচা। তার ওপর গণমাধ্যম নির্দেশিত হয় ক্ষমতাধর মানুষদের দ্বারা। সেখানেও রয়েছে গোড়াতেই গলদ। ক্ষমতার কাছে বারবার বিক্রি হয়ে যাচ্ছে সত্য। ক্ষমতার দ্বারা নির্বাচন করা হয় কোনটা সত্যি হিসেবে মানুষের কাছে পৌঁছাবে আর কোনটা মিথ্যের স্বরূপে আত্মপ্রকাশ করবে। সত্যঘটনার কবরের এপিটাফে লেখা হচ্ছে ক্ষমতার দুর্নীতি। এবার প্রশ্ন আসতে পারে গণমাধ্যম স্বাধীন না হলে নিউজ চ্যানেল গুলো সরকার বিরোধি খবর করছে কি করে? কিছু উদাহরণ বিশ্লেষন করলে দেখা যাবে, সরকারের বিরোধি মন্তব্য একটা চ্যানেল এ ২ দিন এর বেশি চলতে দেওয়া হয় না।এমনকি বর্তমানে রাজনৈতিক বিপুল টাকা তছরূপের ঘটনায় যেখানে শিক্ষার মতো একটা সংবেদনশীল ক্ষেত্রে জোচ্চুরি হচ্ছে বলে প্রমান হয়, সেই খবর হঠাৎই উধাও হয়ে যায় আর চলে আসে দুর্গাপুজোর হেরিটেজ উক্তি। একসাথে প্রত্যেকটা নিউজ মিডিয়া হাউস থেকে শুরু করে সংবাদপত্র একদিনের মধ্যে কভারেজ বন্ধ করে দেয়। এটাই কি তবে সংবাদ পত্রের স্বাধীনতা! রাজনীতি, ক্ষমতার জোরের জামানায় সবই সম্ভব। যদি এভাবেই সংবাদমাধ্যমগুলো নিয়ন্ত্রিত হয়, তাহলে সঠিক সমাজ গঠন কি করেই বা সম্ভব? অনেকের মতে কোভিড সময়কালে মৃতের সংখ্যা পর্যন্ত গোপন রেখেছে সরকার। দুর্নীতির খবর ছড়ানোর আগেই গোটানোর কাজ শুরু হয়ে যায়। রাজ্য, রাজনীতি, রাজনৈতিক তরজা সবই যেন স্ক্রিপ্টেড ফিচার ফিল্ম। এটা কি তবে তথাকথিত স্বাধীন গণমাধ্যম!নাকি এ এক ক্ষমতাশালী গোষ্ঠীর হাতে নিয়ন্ত্রিত পুঁজিবাদ। স্বতন্ত্র মাধ্যম হিসেবে যেদিন গণমাধ্যম আত্মপ্রকাশ করতে পারবে, যেদিন আর সত্যের গলা টিপে তাকে হত্যা করা হবে না, যেদিন অন্যায়কারী গোষ্ঠী ক্ষমতার দম্ভ ভুলবে গণমাধ্যমের শক্তির কাছে, যেদিন অন্যায় আর্তনাদ করবে সত্যের কাছে সেইদিন হয়তো সঠিক স্বাধীন মিডিয়া দিবস পালিত হবে।



# বিশ্ব 'প্রেস ফ্রিডম ইনডেক্সে' ভারতের অবনমন

-পিয়ালী সাহা(সেম - ষষ্ঠ)

ব্রিটিশ শাসনকালে যুগান্তর, অমৃতবাজার-এর এমন করুণ অবস্থা হয়নি এমনকি বেঙ্গল গেজেট-এরও এমন প্রাণান্তকর পরিস্থিতি হয়নি বর্তমানে গণতন্ত্রের চতুর্থ ও গুরুত্বপুর্ন স্তম্ভ সংবাদমাধ্যম বা প্রেস এর যা অবস্থা। কিছু দিন আগে রিপোর্টার্স উইদাউট বর্ডারস (আরএসএফ) দ্বারা প্রকাশিত বিশ্ব প্রেস ফ্রিডম ইনডেক্স২০২২ এ ভারতের র‍্যাঙ্কিং আরও কয়েক ধাপ নীচে নামল। গত বছর বিশ্ব প্রেস ফ্রিডম ইনডেক্সে ১৪২ নং ছিল ভারত। সেখান থেকে বেশ কয়েক ধাপ নেমে বর্তমানে তার স্থান ১৫০ত অর্থাৎ সংবাদমাধ্যমের স্বাধীনতা বা সেই স্বাধীনতার অপব্যাবহার এর এই চেয়ে বড় নিদর্শন আর হয়না। বিশ্বের ১৮০ টি দেশে সাংবাদিকতার অবস্থা মূল্যায়ন করে আরএসফ। সংস্থাটি সমসাময়িক ২০২২ সালের বিশ্ব প্রেস ফ্রিডম ইনডেক্স প্রকাশ করেছে , যেখানে ভারতের অবস্থান পড়ে যাওয়া নিয়ে রীতিমতো বিতর্ক তৈরি হয়েছে সোশ্যাল মিডিয়া জুড়ে , এবং বেশ সাড়া ফেলেছে ঘটনাটি। ২০২১ সালের রিপোর্টে, ভারত ১৮০




টি দেশের মধ্যে ১৪২ তম স্থানে ছিল এবং সাংবাদিকতার জন্য 'খারাপ' এবং সাংবাদিকদের জন্য বিশ্বের সবচেয়ে বিপজ্জনক স্থানগুলির মধ্যে বিবেচিত দেশগুলির মধ্যে তালিকাভুক্ত হয়েছিল। প্রতি বছর ৩ মে বিশ্ব প্রেস ফ্রিডম ডে পালন করা হয়। বিশ্বের বিভিন্ন দেশের সাংবাদিকতার মূল্যায়নের জন্য এই দিনটিকে বেছে নেয় আরএসএফ। ভারতের স্বাধীন তার পরও একটা বড় সময় ভারতীয় সংবাদমাধ্যমকে সমীহই করত বিশ্ব। তবে ২০১০ -এর দশকের মাঝামাঝি সময়ে এই জিনিসগুলি আমূল বদলে যায়। আরএসএফ-এর প্রতিবেদন অনুযায়ী, ভারতে বর্তমানে ১৩জন সাংবাদিক কারাগারে রয়েছে এবং ১ জানুয়ারিতে একজন সাংবাদিক নিহত হয়েছেন। রিপোর্টে আরও বলা হয়েছে, 'প্রতি বছর ভারতে সাংবাদিকতার সঙ্গে জড়িত গড়ে তিন বা চারজন সাংবাদিক নিহত হন। অর্থাৎ ভারতে যে সাংবাদিক এবং সাংবাদিকতা নিরাপদ নয় সে বিষয়ে সন্দেহ নেই। ভারত মিডিয়ার জন্য বিশ্বের সবচেয়ে বিপজ্জনক দেশগুলির মধ্যে একটি এবং পাশাপাশি সাংবাদিকরা পুলিশি সহিংসতা, রাজনৈতিক কর্মীদের দ্বারা অতর্কিত হামলা সহ সমস্ত ধরণের শারীরিক সহিংসতার মুখোমুখি হন, এবং সত্য উন্মোচন করতে গিয়ে অপরাধী গোষ্ঠী বা দুর্নীতিগ্রস্ত স্থানীয় কর্মকর্তাদের দ্বারা মারাত্মক প্রতিশোধের সম্মুখীন হয়েছে বারংবার। গৌরী লঙ্কেশ, সিদ্দিকী কপপান এসবের জলজ্যান্ত উদাহরণ। সদ্য প্রকাশিত এই রিপোর্টে আরো একটা ব্যাপার লক্ষণীয় যে সেখানে বলা হয়েছে, ভারতে সোশ্যাল মিডিয়ায় সাংবাদিকদের বিরুদ্ধে ঘৃণা ও হত্যা চালানোর জন্য ভয়ঙ্কর এবং ঐক্যবদ্ধ প্রচার চালানো হয়। এই ধরনের প্রচারণাগুলি প্রায়ই আরও বেশি হিংসাত্মক হয় যখন তারা নারী সাংবাদিকদের টার্গেট করে, হিংসা ছাড়াও তাঁদের ব্যক্তিগত তথ্য অনলাইনে পোস্ট করা হয়, প্রতিশোধ নিতে। অর্থাৎ স্বাধীনতার অপব্যাবহার লক্ষণীয় এখানেও। যতদিন না সংবাদমাধ্যমকে স্বাধীনতা প্রদানকারী এবং সেই স্বাধীনতা গ্রহণকারি দুটি গোষ্ঠী যথেষ্ট সুস্থভাবে, নিয়ম মেনে, মার্জিতভাবে সেই স্বাধীনতা ব্যাবহার করছে ততদিন আমরা কেবল এই World Press Freedom Day উজ্জাপন করবো তবে তার আসল বস্তবায়ন করতে সক্ষম হবো না।



# বিজ্ঞাপনই সংবাদপত্রের শেষ কথা নয়

-তিথি রায়(সেম - দ্বিতীয়)

ব্যোমকেশ জানালার দিক্ হইতে চক্ষু ফিরাইয়া বলিল,- " কিছুদিন ধরে খবরের কাগজে এক মজাদার বিজ্ঞাপন বেরুচ্ছে , লক্ষ্য করেছ?" আমি বললাম, - "না। আমি বিজ্ঞাপন পড়ি না।



ভ্রুকুচকাইয়া ব্যোমকেশ বলিল, - " বি-জ্ঞাপন পড় না? তাবে পড় কি?" উত্তরে আমি বললাম, - " খবরের কাগজের সবাই যা পড়ে, তাই পড়ি _ খবর।"

"অর্থাৎ মাঞ্চুরিয়ার কার আঙুল কেটে গিয়ে রক্তপাত হয়েছে আর ব্রাজিলে কার একসঙ্গে তিনটে ছেলে হয়েছে, এই পড়! সত্যিই খাঁটি খবর যদি পেতে চাও, তাহলে বিজ্ঞাপন পড়।"

সংবাদপত্র বা মিডিয়ার সিংহ ভাগ অংশ বিজ্ঞাপনের কবলে।সংবাদমাধ্যম মূলত বি-জ্ঞাপনের হাট হিসেবে ধরা দিয়েছে। প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অনলাইনসহ প্রায় সকল মাধ্যমেই খবরের ছদ্মবেশে দেখা যায় বিজ্ঞা-পন।

বর্তমানে নতুনত্বের প্রলেপে জগৎ যেন সংবাদপত্র কে কণের রুপ দিয়ে সাজিয়ে তুলেছে। কোথাও এক টুকরো খবর আবার কোথাও এক টুকরো চিত্র। তবে সকলের মাঝে বিজ্ঞাপন কে ভুললে হয় নাকি!!!!

দেখতে দেখতে ভারতীয় সংবাদ সাংবাদিকতা একপা, দুপা করে পার হল 243 টা বছর। সত্যিই অনেক গুলো বছরের অঙ্ক।

ভারতীয় সংবাদপত্রের পিতা
"Father of Indian Journalism"
জেমস আগাস্টাস হিকি

যে সাংবাদিকতার জন্ম দিয়েছিল তা অনেক ঘাত- প্রতিঘাত, চড়াই – উৎরাই পার করে ছুয়েছে এক নতুন দিগন্ত। কি বলা যাবে একে? উন্নয়ন? নাকি কেবলই পাশ্চাত্য শিক্ষার অনুকরণ? অথবা নিছক ছেলে ভুলানো ছড়ার মতো পাঠকের মন জয়ের এক সস্তা বাজিমাতের প্রচেষ্টা? ইতিহাসের পাতা উল্টোলে দেখা ।আগে বিজ্ঞাপন হিসাবে থাকত দেশ বিদেশের আমদানি রপ্তানি আর কিছু নিলাম সংক্রান্ত তথ্য।

প্রযুক্তির উন্নতিতে পা দেওয়া জগত
আজও মাটি ছাড়েনি।

ফিরে দেখলে সেকাল ও একালের এক বিস্ফোরণ ঘটেগেছে এই মিডিয়া সাম্রাজ্যে। তবে একই জায়গার রয়েগেল বিজ্ঞাপন। যাকে বাদ দিলে সংবাদপত্র হোক বা ডিজিটাল মিডিয়া সকলেই যেন মুখ থুবরে পড়বে।সং-বাদপত্রে বিজ্ঞাপনই হল তার মূল মন্ত্র। বিজ্ঞা-পনদাতারা মোটা অংকের টাকার বিনিময়ে এইরূপ বিজ্ঞাপন দিয়ে থাকেন এবং ফল স্বরূপ কঠিন পরাধীনতার চাপ সাংবাদিকদের বয়ে বেরাতে হয়।

সহজ করে এক অঙ্ক ও কষা যাক যার মধ্যে দিয়ে আপনাদের সংবাদপত্রে বিজ্ঞাপ-নের জায়গা কতটা বুঝিয়েদি,

ধরি, কোন সংবাদপত্রের উৎপাদন মূল্য 10 টাকা। অপর দিকে বিক্রয় মূল্য 5 টাকা।



তাহলে প্রতি সংবাদপত্র পিছু ক্ষতি দাঁড়ায় 10 – 5 = 5 টাকা।

এবার ধরি , ওই সংবাদপত্রের পাঠকের সংখ্যা 1 লক্ষ। তাহলে সংবাদপত্রের প্রতিদিন ক্ষতি হচ্ছে 5 × 1,00,000 = 5,00,000 টাকা।

জানি, এখন সকলের মধ্যে একটাই প্রশ্ন এত বড় অঙ্কের টাকার ক্ষতি নিয়ে সংবাদ-পত্র কিভাবে এতগুলো বছর পথ চলল? এর উত্তর একটাই বিজ্ঞাপন! বিজ্ঞাপন! বিজ্ঞাপন!

সংবাদপত্র মাধ্যম হক বা ডিজিটাল মাধ্যম বিজ্ঞাপনই সকল জটিল হিসাব সমাধানের রুপ দিয়ে আসছে জন্মলগ্ন থেকেই।

তবে এই অঙ্ক দেখে খুবই ভাল ভাবে স্পষ্ট মিডিয়ায় বিজ্ঞাপনের অর্থাৎ বিজ্ঞাপনদা-তাদের প্রভাব।"আগে খবরের কাগজে বিজ্ঞা-পন ছাপা হত। এখন কি কোথাও কোথাও বিজ্ঞাপনের কাগজ খবর ছাপা হয়?"

শিশুখাদ্য বা পানীয় নিয়েও মিথ্যা তথ্য দিয়ে পণ্য বিক্রির প্রবণতা মনে হয় এই উপ-মহাদেশে বেশি লক্ষ্যণীয়। বাচ্চাদের হেলথ ড্রিংকগুলোর কোনোটি শিশুকে তিনগুণ দ্রুত লম্বা করছে, কোনোটি এক কাঠি বেড়ে একই সঙ্গে 'টলার, স্ট্রংগার ও শার্পার' করছে, কোনোটি আবার এসবের কাছে না গিয়ে শি-শুকিশোরদের স্ট্যামিনা বাড়ানোর দাবি করছে। সবগুলো বিজ্ঞাপনেই এই পুষ্টিগুণগু-লো 'বৈজ্ঞানিকভাবে প্রমাণিত' দাবি করা হলেও হেলথ ড্রিংকের এ জাতীয় বিজ্ঞাপন পাশ্চাত্যের দেশগুলোতে নিষিদ্ধ। কেন? কথায় বলে, বুদ্ধিমানের জন্য ইশারাই নাকি যথেষ্ট।

"যে দেশের শাসন ব্যবস্থা কিংবা বিচার ব্যবস্থার কোন স্বাধীনতা নেই...সেদেশে সংবা-দপত্রের আবার স্বাধীনতা আশা করা শুধুমাত্র মন ভুলানো কথা ছাড়া আর যে কিছুই নয় !! "অবিচ্ছিণ্ বাংলার পটভূমিতে দাঁড়ায়ে একথা যেন ধ্রুব সত্য ছিল। তবে আজতো আমরা বিংশ শতাব্দীতে দাঁড়ায়ে আছি। স্বাধীন গণত-ন্ত্রের দেশ ভারতবর্ষ। যার সংবিধানের 19(A) ধারায় যেমন বাক্ স্বাধীনতার কথা বলা হয়েছে, ঠিক তার পরের মুহূর্তে 19 (B) ধারায় তার সীমাবদ্ধতার কথা বলেছে।

আমরা সকলেই জানি গণতন্ত্রের চতুর্থ তম স্তম্ভ হল মিডিয়া। কথায় আছে মিডিয়া হল সমাজের দর্পণ বাা আয়না। তবে এই আয়না কতটা ঝকঝকে বা কতটা পরিষ্কার সেই প্রশ্ন থেকেই যায়। সত্যিই কি মিডিয়া সমাজে ঘটে চলা ঘটনা জনগণের কাছে তুলে ধরতে পারছে? বা নিজের মত স্বাধীন ভাবে চলতে পারে? অবজ্ঞার ছলে বলাই যায় আসলে মিডিয়া কখনই স্বাধীন ছিল না, এ তার ছদ্মবেশ মাত্র।




# ANSWER

1. James Augustus Hickey
2. Norway
3. The vernacular press act
4. India ranked 161st among the 180 countries with a score of 36.62.
5. China
6. Sweden
7. Article 19(1)(a) of the Indian Constitution.
8. The United Nations Educational, Scientific and Cultural Organization (UNESCO).
9. Shaping a Future of Rights: Freedom of expression as a driver for all other human rights".
10. 2002


# CrossWord Answer

## Across

3. LEAD
5. MAGAZINE
6. ANCHOR
8. COMMUNICATION

## Down

1. E W SCRIPPS
2. PHOTOCAPTION
4. PRESS RUN
7. HEARST


FREE
“Let justice speak up by giving enough power to people to speak freely. Best wishes to you on this occasion of World Press Freedom Day.”




M² Mass Magazine

Vol 2 • May 2023

DEPARTMENT OF JOURNALISM & MASS COMMUNICATION

P-29, KSHIRODE VIDYAVINODE AVE, BAGHBAZAR, KOLKATA , WEST BENGAL -700003